# ইউনাইটেড কমার্শিয়াল ব্যাংক পিএলসি (ইউসিবি)
## কাওরান বাজার শাখা, ঢাকা।

**অর্থঋণ আদালত আইন ২০০৩ এর ১২ ধারা মোতাবেক বন্ধকী সম্পত্তি নিলাম বিক্রয়ের বিজ্ঞপ্তি**

এতদ্বারা সর্বসাধারণের অবগতির জন্য জানানো যাইতেছে যে, ঋণ গ্রহীতা প্রতিষ্ঠান মেসার্স এ. এইচ. এন্টারপ্রাইজ, ৮৪, তেজতুরী বাজার চক, ইন্দিরারোড, তেজগাঁও, ঢাকা এর মালিক মো: একরাম হোসেন, পিতা-আলহাজ্ব আব্দুল ওহাব মিয়া, মাতা-মোসাম্মৎ আয়তুন নেছা কর্তৃক ইউনাইটেড কমার্শিয়াল ব্যাংক পিএলসি, কাওরান বাজার শাখা হইতে গৃহীত ঋণের জামানত হিসাবে নিম্ন তফসিলভূক্ত সম্পত্তিসমূহ ও তদুপরিস্থিত স্থাপনাদি (যদি থাকে) রেজিস্ট্রিকৃত বন্ধকী দলিলমূলে ব্যাংকের নিকট বন্ধক রাখা আছে এবং রেজিস্ট্রিকৃত আমমোক্তার দলিলমূলে আদালতের আদেশ ছাড়াই উহা বিক্রয়ের ক্ষমতা ব্যাংককে প্রদান করা আছে। ঋণগ্রহীতা মঞ্জুরীপত্রের শর্ত মোতাবেক ঋণ পরিশোধ না করায় বিগত ০৬/০৪/২০২৫ ইং তারিখ পর্যন্ত ব্যাংকের পাওনা মোট ১২২,৩২,৩৪,৬৮৫.২৪ (একশত বাইশ কোটি বত্রিশ লক্ষ চৌত্রিশ হাজার ছয়শত পঁচাশি টাকা চব্বিশ পয়সা মাত্র) সহ অন্যান্য আনুসাঙ্গিক খরচ ও আদায়কালতক সুদ আদায়ের নিমিত্তে নিম্ন তফসিলভূক্ত সম্পত্তিসমূহ ও তদুপরিস্থিত স্থাপনাদি যেখানে যে অবস্থায় আছে সেই অবস্থায় নিলামে বিক্রয়ের জন্য আগ্রহী ক্রেতাদের নিকট হইতে নিম্ন বর্ণিত শর্তাদিতে সাদা কাগজে/প্যাডে স্থায়ী ঠিকানাসহ পূর্ণাঙ্গ ঠিকানা উল্লেখপূর্বক সীলমোহরকৃত দরপত্র আহবান করা যাইতেছে।

**বন্ধকী সম্পত্তিসমূহের তফসিল**

(i) 6 (six) Kathas or 9.90 (nine point nine zero) decimals situated in the District Dhaka, P.S. & Sub Registry Office-Mirpur, under Dhaka Collectorate Touji, J.L. No. Sabek 237, S.A. 98, Mouza " PAIKPARA", Khatian C.S. 225, S.A. 180, Plot No. C.S. & S.A. 48 (forty eight), total area of land 249 decimals, Mutation Khatian 6978, Jot No. 29/13, Mohanagar Jareep D.P. Khatian No. 3509, Plot No. 4102/4111 which is butted and bounded by: On the North-Road, On the South-Maleka Khatun, On the East-Road, On the West-Govt.Canal bearing Jote No. 187/23.

(ii) 57 (fifty Saven ) decimals situated in the District of Dhaka, P.S.& Sub- Registry Office–Saver Under Dhaka Collectorate Touji , J.L No. C.S. 738, S.A. 256, R.S. 229, Mouza- "CHUNAR CHAR", Khatian C.S. 401, S.A. 1065, R.S 424, Plot No. C.S. 768, S.A. 3259, Hal R.S. 1262, total area of land 30 decimals, Plot No. C.S. 768, S.A. 3259, Hal R.S. 1263, total area of land 30 decimals , Plot No. C.S. 768, S.A. 3259, Hal R.S. 1264, total area of land 24 decimals, Khatian S.A.1010, R.S 425, plot No. S.A 3260, Hal R.S.1259, total area of land 24 decimals, plot No. S.A. 3260, Hal R.S. 1261, total area of land 28 decimals, plot No. R.S. 1260, total area of land 26 decimals thus being grand total of 162 decimals Kaat 57 decimals , Mutation Khatian No. 2521, Jote No. 2522, which is butted and bounded by: On the North-Haji Md. Nurul Karim gong, On the South-Abdur Rahim, On the East-Md. Chinu Mia gong, On the West-Belayet Hossain .

(iii) 51 (fifty one ) decimals situated in the District of Dhaka , P.S. & Sub- Registry Office–Saver Under Dhaka Collectorate Touji, Sabek 738, S.A. 256, R.S. 229, Mouza "CHUNAR CHAR", Khatian Sabek 220 (two hundred twenty), S.A. 878 (eight hundred seventy eight), R.S. 260 (two hundred sixty), Plot No. Sabek & S.A. 1037 (One thousand thirty Seven), R.S. 2066 (two thousand sixty six), total area of land 188 decimals out of which 51 decimals , Namjari & Jamabhag No. 1224/2007, date. 22.02.2007, Mutation Khatian No. 260, 261/Kat which is butted and bounded by: On the North Md. Abdul Kader Mia Gong, On the South–Jomir Ali & Sahajalal Gong, On the East–Mozibor then road, On the West–Md. Ashek Ali gong.

(iv) 31 (thirty one) decimals situated in the District Dhaka, P.S. & Sub Registry Office-Savar under Dhaka Collectorate Touji, J.L. No. Sabek 741, S.A. 259, R.S. 232, Mouza " BILAMALIA", Khatian C.S. 1662, S.A. 1554, 446, 1459, 464, R.S. 718, Plot No. C.S. & S.A.

1970, Hal, R.S. 3333, total area of land 406 decimals Kat 31 decimals which is butted and bounded by: On the North-Sold land of Salimullah, On the South-Mosammat Karam Banu gong, On the East Md. Kashem goang, On the West-Md. Aslamul Haque gong.

(v) 23 (twenty three) decimals situated in the District Dhaka, P.S. & Sub Registry Office-Savar under Dhaka Collectorate Touji, Sabek 738, S.A. 256, R.S. 229, Mouza " CHUNAR CHAR", Khatian S.A. 523, R.S. 1072, Plot No. Sabek & S.A. 1065 (one thousand sixty five), R.S. 2023 (two thousand twenty three), total area of land 41 decimals, Kaat 23 (twenty three) decimals , Mutation Khatian No. 1072/Kaat, Jote No. 1341, which is butted and bounded by: On the North-Md. Shahab Uddin, On the South-Haji Abdul Wahab Mia, On the East-Nya Mia, On the West-Matin Sikdar.

(vi) 14 (fouteen) decimals situated in the District of Dhaka, P.S. & Sub Registry Office-Savar under Dhaka Collectorate Touji, J.L.No. S.A. 256, R.S. 229, Mouza " CHUNAR CHAR", Khatian S.A. 878 (eight hundred seventy eight ), R.S. 260 (two hundred sixty), Plot No. S.A. 1037 (one thousand thirty seven), R.S. 2066(two thousand sixty six), total area of land 188 decimals, Kaat 44 decimals kaat 14 decimals, Namjari & Jamabhag No. 1224/2007, date: 22.02.2007, Mutation Khatian No. 260, 261/Kat, Jote No. 1437 which is butted and bounded by: On the North-Md. Abdul Kadir gong, On the South-Md. Ekram Hossain (Momen), On the East-Md. Mojibor Rahman, On the West-Md. Ashek Ali gong.

## নিলামের শর্তাবলী

১) প্রকৃত নিলাম ক্রেতা বা প্রকৃত দরদাতা তাহার নিজস্ব প্যাডে বা সাদা কাগজে স্পষ্ট অক্ষরে নিলাম ক্রেতার নাম, পিতা ও মাতার নাম, স্থায়ী ও বর্তমান ঠিকানা, ফোন নাম্বার, প্রস্তাবিত দর অংকে ও কথায় উল্লেখপূর্বক সীলমোহরকৃত খামে আগামী ২০/০৫/২০২৫ ইং তারিখে বিকাল ৩.৩০ ঘটিকার মধ্যে ইউনাইটেড কমার্শিয়াল ব্যাংক পিএলসি, কাওরান বাজার শাখায় রক্ষিত নির্দিষ্ট দরপত্র বাক্সে জমা প্রদান অথবা রেজিষ্ট্রীকৃত ডাকযোগে নির্ধারিত তারিখ ও সময়ের মধ্যে প্রেরণের মাধ্যমে দরপত্র দাখিল করিতে হইবে (রেজিষ্ট্রীকৃত ডাকে প্রেরিত দরপত্র উক্ত তারিখ ও সময়ের মধ্যে না পৌঁছাইলে তাহা গ্রহণযোগ্য হইবে না)। ঐদিন বিকাল ৪.০০ ঘটিকায় দরপত্রদাতাদের সম্মুখে (যদি কেহ উপস্থিত থাকেন) দরপত্র বাক্স খোলা হইবে। দাখিলকৃত দরপত্রের সীলমোহরকৃত খামের উপর স্পষ্ট অক্ষরে "সম্পত্তি ক্রয়ের দরপত্র প্রস্তাব" উল্লেখ করিতে হইবে।

২) প্রত্যেক দরদাতার দরপত্রে উদ্ধৃত দর ১০,০০,০০০/- (দশ লক্ষ) টাকা হইলে উহার ২০%, উদ্ধৃত দর ১০,০০,০০০/- (দশ লক্ষ) টাকা অপেক্ষা অধিক এবং অনূর্ধ্ব ৫০,০০,০০০/- (পঞ্চাশ লক্ষ) টাকা হইলে উহার ১৫% এবং উদ্ধৃত দর ৫০,০০,০০০/- (পঞ্চাশ লক্ষ) টাকা অপেক্ষা অধিক হইলে উহার ১০% এর সমপরিমাণ টাকার জামানতস্বরূপ ব্যাংক ড্রাফট বা পে-অর্ডার এর মাধ্যমে ইউনাইটেড কমার্শিয়াল ব্যাংক পিএলসি, কাওরান বাজার শাখার অনুকূলে দরপত্রের সহিত দাখিল করিতে হইবে।

৩) অনুর্ধ্ব ১০,০০,০০০/- (দশ লক্ষ) টাকার উদ্ধৃত দর গৃহীত হইবার পরবর্তী ৩০ দিবসের মধ্যে, ১০,০০,০০০/- (দশ লক্ষ) টাকা অপেক্ষা অধিক এবং ৫০,০০,০০০/- (পঞ্চাশ লক্ষ) টাকার উদ্ধৃত দর গৃহীত হইবার পরবর্তী ৬০ (ষাট) দিবসের মধ্যে এবং ৫০,০০,০০০/- (পঞ্চাশ লক্ষ) টাকার অধিক উদ্ধৃত দর গৃহীত হইবার পরবর্তী ৯০ (নব্বই) দিবসের মধ্যে সর্বোচ্চ দরদাতাকে দরপত্রের সমুদয় মূল্য পরিশোধ করিতে হইবে। ব্যর্থতায় আইন অনুযায়ী জামানতের টাকা বাজেয়াপ্ত হইবে।

৪) উপরোক্ত ৩ নং অনুচ্ছেদ এর অধীনে জামানত বাজেয়াপ্ত হইলে বাজেয়াপ্তকৃত অর্থ এবং দ্বিতীয় সর্বোচ্চ দরদাতার দরপত্রের মূল্য সর্বোচ্চ দরপত্রদাতা কর্তৃক উদ্ধৃত দর অপেক্ষা কম না হইলে, উক্ত দ্বিতীয় সর্বোচ্চ দরদাতাকে সম্পত্তি নিলাম খরিদ করিতে আহবান করা হইবে এবং দ্বিতীয় সর্বোচ্চ দরদাতা আহুত হইবার পর অনুচ্ছেদ-৩ এ নির্ধারিত সময়সীমার মধ্যে সম্পূর্ণ মূল্য পরিশোধ করিবেন এবং তাহা করিতে ব্যর্থ হইতে তাহার জামানত বাজেয়াপ্ত হইবে।

৫) তফসিলোক্ত সম্পত্তির উপর কোন সরকারী, আধা-সরকারী বা স্বায়ত্বশাসিত প্রতিষ্ঠান, পৌরসভা, সিটি কর্পোরেশন, পিডিবি, গ্যাস সরবরাহ প্রতিষ্ঠান, পল্লী বিদ্যুৎ, ভূমি উন্নয়ন কর ইত্যাদিসহ অন্য যে কোন পাওনাদারের

পাওনা বা দাবী থাকিলে তাহা দরদাতাকেই বহন করিতে হইবে। উক্ত বকেয়া বা পাওনা পরিশোধের কোন দায়-দায়িত্ব ইউনাইটেড কমার্শিয়াল ব্যাংক পিএলসি, কাওরান বাজার শাখার উপর বর্তাইবে না।

৬) একই তফসিলের সম্পত্তির জন্য আংশিক দরপত্র গ্রহণযোগ্য হইবে না এবং কম জামানত বা জামানত বিহীন দরপত্র/ ক্রটিপূর্ণ দরপত্র সরাসরি বাতিল হিসাবে গণ্য হইবে।

৭) দরপত্র প্রদত্ত সম্পত্তির মূল্য অস্বাভাবিক কম বা অন্য কোন কারণে গ্রহণযোগ্য না হইলে ব্যাংক তাহা গ্রহণে বাধ্য থাকিবে না এবং কোনরূপ কারণ দর্শানো ব্যতিরেকে সর্বোচ্চ/গৃহীত বা যে কোন দরপত্র গ্রহণ বা বাতিলের ক্ষমতা ব্যাংক কর্তৃপক্ষ সংরক্ষণ করেন।

৮) দরপত্র জমা দেওয়ার পরে বিক্রয় প্রস্তাবিত সম্পত্তির আকার, আকৃতি, প্রকৃতি, অবস্থান ও স্বত্বের দলিলপত্র সম্পর্কে কোন প্রকার আপত্তি গ্রহণযোগ্য হইবে না।

৯) সফল দরদাতাকে সরকারী বিধি বিধান মোতাবেক যাবতীয় হস্তান্তর ফিস, রেজিঃ খরচ, ভ্যাট/ মূল্য সংযোজন কর, ষ্ট্যাম্প ডিউটি, অন্যান্য শুল্ক এবং দলিল নিবন্ধন সংক্রান্ত অন্যান্য যাবতীয় আনুষাঙ্গিক খরচাদি বহন করিতে হইবে।

১০) সম্পত্তির দখল সংক্রান্ত যাবতীয় প্রক্রিয়া ও ব্যয়ভার নিলাম ক্রেতাকে বহন করিতে হইবে।

১১) সফল দরদাতাকে ব্যাংকে রক্ষিত সম্পত্তির মালিকানা সম্পর্কিত যাবতীয় কাগজাদি হস্তান্তর করা হইবে। ইহার অতিরিক্ত কোন কাগজাদি দরকার হইলে সফল দরদাতাকে নিজ দায়িত্বে সংগ্রহ করিতে হইবে।

১২) গৃহীত হয়নি অথবা সফল হয়নি এইরূপ দরপত্রদাতাদের জামানতের টাকা ফেরত দেওয়া হইবে।

১৩) দরপত্রদাতা দরপত্রে কোন প্রকার শর্তারোপ করিতে পারিবে না এবং নিলাম বিক্রয় অনুষ্ঠান করা সম্ভব না হইলে তাহার জন্য কোন ক্ষতিপূরণ / সুদ প্রদান করা হইবে না।

১৪) দরপত্রের মাধ্যমে নিলামে অংশগ্রহণকারী ইচ্ছুক ব্যক্তিগণ বিস্তারিত তথ্য অবগত হইবার জন্য নিম্ন স্বাক্ষরকারীর অফিসে যোগাযোগ করিতে পারিবেন।

**ব্যবস্থাপক, ইউনাইটেড কমার্শিয়াল ব্যাংক পিএলসি, কাওরান বাজার শাখা, ঢাকা।**